**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**2 FEBRUARY 2025** **7:45—7:55 PM IST**

===============================================================================

১) কন্দ্রীয় বাজেটে উত্তর-পূর্ব উন্নয়ন মন্ত্রণাকয়ের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ বৃদ্ধি ।

২) শিল্প ও বাণিজ্য মন্ত্রী বিমল বরার এডভান্টেজ আসাম শীর্ষ সম্মেলনের দ্বিতীয় সংস্করণের প্রস্তুতি পর্যালোচনা করার উদ্দেশ্যে এক বৈঠকে অংশগ্রহণ ।

৩) জাতীয় ক্রীড়ায় আসামের ভারোত্তলক মৃদুস্মিতা বরুয়ার আজ রূপার পদক অর্জন ।জাতীয় ক্রীড়ায় আসামের পদক সংখ্যা ১৩ তে বৃদ্ধি ।

৪) বরাক উপত্যকার তিন জেলায় আগামীকাল বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী স্বরস্বতীর আরাধনার প্রস্তুতি সম্পূর্ণ। আজ সকালে পঞ্চমী তিথি শুরু হওয়ায় বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠান ও বাসগৃহে বাগদেবীর পূজো সম্পন্ন ।

---

২০২৫-২৬ অর্থ বছরের কেন্দ্রীয় বাজেটে উত্তরপূর্বাঞ্চলের জন্য ও উত্তরপূর্ব উন্নয়ন মন্ত্রনালয়ের জন্য বরাদ্দ করা অর্থ বৃদ্ধি করা হয়েছে । বাজেটে এবার উত্তর পূর্ব উন্নয়ন মন্ত্রনালয়ের জন্য পাচ হাজার ৯১৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে । ২০২৪-২৫ অর্থ বছরের বাজেটে এই মন্ত্রনালয়ের জন্য চার হাজার ছয় কোটি টাকা ধার্য করা হয়েছিল । এক্ষেত্রে বন্টন করা অর্থের বৃদ্ধির পরিমান প্রায় ৪৭ দশমিক ৬ শতাংশ । এ ছাড়া আসামের চা শ্রমিকদের সামাজিক সুরক্ষার জন্য বাজেটে ৬৬ কোটি ৮৭ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে । এবারের বাজেটে অর্থ মন্ত্রনালয় তথা বিভিন্ন বিভাগে উত্তরপূর্বের জন্য পৃথক করে এক লক্ষ পাচ হাজার ৮৮৩ কোটি ২৮ লক্ষ টাকা ধার্য করা হয়েছে । এর মধ্যে উত্তরপূর্ব উন্নয়ন মন্ত্রনালয়ের জন্য ধার্য করা অর্থ ও সন্নিবিষ্ট রয়েছে ।

---

কেন্দ্রীয় অর্থ মন্ত্রী নির্মলা সীতারমণের গতকাল সংসদে ২০২৫-২৬ অর্থ বছরের বাজেটে নামরুপে বছরে ১২ লক্ষ ৭০ হাজার মেট্রিকটন উৎপাদনক্ষম ইউরিয়া প্রকল্প স্থাপনের ঘোষনা সম্পর্কে প্রতিক্রিয়া প্রকাশ করে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা এই সিদ্ধান্তকে সমগ্র উত্তরপূর্বাঞ্চলের জন্য যুগান্তকারি বলে আভিহিত করেছেন ।এই ইউরিয়া প্রকল্পটি উত্তরপূর্বাঞ্চলের একমাত্র সার কারখানা নামরুপের ব্রক্ষ্মপুত্র উপত্যকা সার নিগম লিমিটেডে প্রাংগনে স্থাপন করা হবে । মুখ্যমন্ত্রী জানান কেন্দ্রের ৬০ শতাংশ ও রাজ্যের ৪০ শতাংশ অংশীদারিত্বে এই নতুন ইউরিয়া প্রকল্পটি রুপায়ন করা হবে । তিনি জাগীরোডের সেমিকন্ডাক্টর প্রকল্পের পর নামরুপের এই প্রকল্প রাজ্যে সম্ভাবনার নতুন দ্বার খুলে দেবে বলে উল্লেখ করেন । মুখ্যমন্ত্রী এই

ঘোষনা রাজ্যের বিকাশের গতি ত্বরান্বিত করা সহ প্রায় ১০ হাজার কোটি টাকা বিনিয়োগে রাজ্যে প্রাকৃতিক গ্যাস ব্যবহার করে সার উৎপাদন করতে সহায়তা করবে ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে বলে জানান ।

---

শুনা যাক কেন্দ্রীয় বাজেট নিয়ে বরাক উপত্যকার বিশিষ্ট ব্যক্তিদের প্রতিক্রিয়া

বাইট {{ এবারের কেন্দ্রীয় বাজেট, মধ্যবিত্তকে কিছুটা কর ছাড় দিয়ে আর্থিক বৃদ্ধির কথা ভাবছে, বললেন আসাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের প্রধান, অধ্যাপক ঋত্বিক মজুমদার।

বাইট

[উত্তরপূর্বাঞ্চলের জন্য এই বাজেট সুদূরপ্রসারী প্রভাব ফেলতে চলেছে, জানালেন আসাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের বরিষ্ঠ অধ্যাপক নিরঞ্জন রায়।

বাইট

আত্মনির্ভর ভারতের ঘোষিত লক্ষ্যে স্টার্ট আপ ভেঞ্চার শুরু করার জন্য ২৭ টি চিহ্নিত বিষয়ে নতুন উদ্যোগীদের জন্য এক রাশ সুখবর নিয়ে এসেছে এই বাজেট, বললেন বরাক উপত্যকার বিশিষ্ট উদ্যোগপতি শুভ্রাংশু শেখর ভট্টাচার্য।

বাইট }}

---

শিল্প ও বাণিজ্য মন্ত্রী বিমল বরা এডভান্টেজ আসাম শীর্ষ সম্মেলনের দ্বিতীয় সংস্করণের প্রস্তুতি পর্যালোচনা করার উদ্দেশ্যে এক বৈঠকে মিলিত হন । সম্মেলনটি সফল করার উদ্দেশ্যে বৈঠকে পরিকল্পনা প্রস্তুত করা হয় । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার নেতৃত্বে সরকারের ভাবাদর্শের সঙ্গে সঙ্গতি রেখে প্রস্তুত করা পরিকল্পনাসমূহের রূপায়ন সম্পর্কে বৈঠকে আলোচনা

করা হয় । বৈঠকে আসাম শিল্প উন্নয়ন নিগমের পরিচালন সঞ্চালক মানবেন্দ্র প্রতাপ সিং সহ বেশ কয়েকজন বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন ।

---

মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম প্রকল্পের অধীনে নতুনকরে ৭৫ হাজার যুবক যুবতীকে আর্থিক সাহায্য প্রদানের  জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন ।এই প্রকল্পের অধীনে ৭৫ হাজার যুবক যুবতীকে প্রারম্ভিক আর্থিক সাহায্য প্রদানের জন্য নাম পঞ্জীয়ন প্রক্রিয়া সম্পূর্ন হোয়ার পর গতকাল আবেদন পোর্টেল খুলে দেওয়া হয়েছে । মুখ্যমন্ত্রী জানিয়েছেন যে মোট ১ লক্ষ ৬২ হাজার যুবক যুবতী এই প্রকল্পের অধীনে নাম পঞ্জীয়ন করেছিল ও তাদেরকে বর্তমানে নির্দিষ্ট প্রস্তাবগুলি আবেদন পোর্টেলে জানাতে হবে ।এর মধ্য থেকে ৭৫ হাজার যুবক যুবতীকে নির্বাচন করা হবে । উল্লেখ্য এর আগে রাজ্য সরকার প্রথম পর্যায়ে এই প্রকল্পের অধীনে ২৫ হাজার যুবক যুবতীকে এক লক্ষ টাকা করে প্রদান করেছে ।ও বাকী এক লক্ষ টাকা দ্বিতীয় কিস্তি হিসেবে আগামী সেপ্টেম্বর - অক্টোবর মাসে প্রদান করা হবে ।

---

জাতীয় ক্রীড়ায় আসামের ভারোত্তলক মৃদুস্মিতা বরুয়া আজ রুপোর পদক অর্জন করেছে । মৃদুস্মিতা ৮৭ কিলোগ্রাম শাখায় অংশ নিয়ে স্নেটসে ৯৫ কিলোগ্রাম ও ক্লিন এন্ড জার্কে ১১৩ কিলোগ্রাম ভারোত্তলনে রুপোর পদক অর্জন করতে সক্ষম হয়েছে । এই সাফল্যের ফলে উত্তরাখন্ডে আয়োজিত জাতীয় ক্রীড়া সমারোহে

আসামের পদক ১৩ টিতে বৃদ্ধি পেয়েছে । আজ কমনওয়েলথ গেমসে লন বলে পদক লাভ করা নয়নমণি শইকিয়া ও খেলায় অংশ নিয়েছে ।

আসাম গতকাল ৩ টি রুপো ও একটি ব্রোঞ্জের পদক লাভ করে ।এদিকে আসামের পুরুষ ফুটবল দলটি উত্তরাখন্ডকে ১-০ গোলে পরাজিত করে জাতীয় ক্রীড়া সমারোহের ফুটবল সেমিফাইনালে প্রবেশ করেছে ।আসাম আগামীকাল মিজোরামের বিরুদ্ধে অবতীর্ন হবে ।উল্লেখ্য আসাম ফুটবল দল দীর্ঘ ১৮ বছর পর এবার জাতীয় ক্রীড়ার জন্য যোগ্যতা অর্জন করেছে ।আসাম দল ২০০৭ সালে গৌহাটীতে অনুষ্ঠিত জাতীয় ক্রীড়ায় স্বর্নপদক অর্জন করেছিল ।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বসন্ত পঞ্চমী ও স্বরস্বতী পূজা উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি শ্রীমতি মূর্মু শিক্ষা ও জ্ঞানের সঙ্গে জড়িত এই উৎসব দেশের সব নাগরিকের সুখ ,সমৃদ্ধি ও প্রজ্ঞা বৃদ্ধি করার কামনা করেন । এই দিনটির তাৎপর্য ব্যাখ্যা করে রাষ্ট্রপতি ভারতকে বিশ্বের জ্ঞানকেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা করার জন্য প্রার্থনা করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও এ উপলক্ষ্যে শুভেচ্ছা জ্ঞাপন করেন ।

---

বরাক উপত্যকার তিন জেলায় আগামীকাল বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী মা স্বরস্বতীর আরাধনা করার প্রস্তুতি চলছে । এদিকে আজ সকালে পঞ্চমী তিথি শুরু হওয়ায় উপত্যকার বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠানে আজ ধর্মীয়

আচার অনুষ্ঠানের মাধ্যমে বাগদেবীর পূজা অনুষ্ঠিত হয়েছে । এ উপলক্ষ্যে মা স্বরস্বতীর চরণে অঞ্জলি প্রদানের জন্য ছাত্র ছাত্রীদের মধ্যে উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়েছে । এছাড়া অনেক বাসগৃহেও আজ বাগদেবীর আরাধনা করা হয়েছে ।
তবে কাছাড় ,শ্রীভূমি ও হাইলাকান্দি জেলার বেশীরভাগ শিক্ষা প্রতিষ্ঠান ও কার্যালয়ে আগামীকাল সকালে স্বরস্বতী পূজার আয়োজন করা হয়েছে । এই পূজাকে কেন্দ্র করে তিন জেলার হাট বাজারগুলিতে ব্যাস্ততা বৃদ্ধি পেয়েছে । দেবী স্বরস্বতীর বিভিন্ন আকারের মূর্তি , খাগের কলম ,আমের মুকুল ,খই ,চিড়া সহ পূজার অন্যান্য উপকরণ ক্রয় করতে বাজারগুলিতে ক্রেতাদের ভীড় পরিলক্ষিত হয়েছে । এদিকে পঞ্চমী তিথিতে আজ ও আগামীকাল বিদ্যারম্ভ অর্থাৎ হাতেখড়িরও আয়োজন করা হয়েছে ।
আকাশবানী শিলচর কেন্দ্রেও আগামীকাল বাগদেবীর আরাধনা করা হবে । এ উপলক্ষ্যে আজ প্রস্তুতি সম্পন্ন হয়েছে ।

---

শিলচর -লামডিং ব্রডগেজ রূপায়ন সংগ্রাম কমিটির পক্ষ থেকে চন্দ্রনাথপুর -লংকা দ্বিতীয় রেল লাইন তৈরীর দাবীতে আগামী ১৫ই ফেব্রুয়ারী শিলচর গান্ধী ভবনে বরাক উপত্যকা ভিত্তিক গণ সমাবেশের আয়োজন করা হয়েছে । কমিটির আহ্বায়ক অধ্যাপক অজয় রায় জানান যে বর্ষাকালে ভূমিধ্বসের ফলে পাহাড় লাইনে রেল চলাচল কার্য্যত অনুপযোগী হয়ে পড়ে । সে সময় যাত্রী রেল ও মালগাড়ির পরিসেবা বন্ধ থাকে । এইসব সমস্যার সমাধানের দাবীতে চন্দ্রনাথপুর-লংকা দ্বিতীয় রেল লাইন সম্প্রসারনের দাবী জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলায় বরদলৈ ট্রফি ফুটবল প্রতিযোগীতার আজকের প্রথম খেলায় বাওয়ারঘাট এফ সি ১১-০ গোলের ব্যবধানে ইনসাফ ক্লাবকে এবং দিনের দ্বিতীয় খেলায় আলগাপুর এফ সি ৭-১ গোলের ব্যবধানে কাটলিছড়া সাব ডিভিশন স্পোর্টস এসোসিয়েশনকে পরাজিত করে । নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের বি গ্রুপের প্রথম খেলায় রংমাই নাগা ওয়েলফেয়ার এসোসিয়েশন খেলবে এন জি ও প্যারাডাইসের বিরুদ্ধে এবং দিনের দ্বিতীয় খেলায় র‍্যায়েল এসোসিয়েশন খেলবে ভাটিরকূপা এফ সি-র বিরুদ্ধে ।